

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ৯, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্পেশাল জজ (জেলা ও দায়রা জজ) আদালত, কুমিল্লা।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্নে তফসিলে উল্লিখিত আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি রহিয়াছে এবং যেহেতু, তাহার বিরুদ্ধে ফৌজদারি কার্যবিধির ৮৭/৮৮ ধারার বিধান মতে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে এবং যেহেতু, অত্র আদালতের বিশ্বাস করার যুক্তিসংগত কারণ রহিয়াছে যে, নিম্ন বর্ণিত আসামি তাহার গ্রেফতার ও বিচারে সোপর্দ করণ প্রক্রিয়া এড়াইবার জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে এবং যেহেতু, উক্ত আসামির আশু গ্রেফতার হইবার কোন সম্ভাবনা নাই।

সেহেতু, এক্ষণে ১৯৫৮ সনের ফৌজদারি আইন সংশোধনী অ্যাক্ট ৬(১এ) ধারার বিধান অনুযায়ী নিম্নলিখিত আসামিকে তাহার নামের পার্শ্বে বর্ণিত মামলার বিচারের জন্য বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কুমিল্লা স্পেশাল জজ (জেলা ও দায়রা জজ) আদালতে হাজির হইবার নির্দেশ দেওয়া গেল। অন্যথায়, তাহার অনুপস্থিতিতে বিচার কার্য সম্পন্ন করা হইবে।

তফসিল

ক্রমিক নং	মামলার নম্বর, ধারা ও তারিখ	আসামির নাম, পিতার নাম ও ঠিকানা
০১।	স্পেশাল মামলা নং-২৮/১৮, লাকসাম রেলওয়ে জিআরপি থানা মামলা নং-০৩, তারিখ: ২৯-০১-২০০৪, রেলওয়ে জি আর: ০৩/২০০৪, ধারা: দণ্ডবিধি-৪০৯/৪২০/৪৬৭/৪৬৮/১০৯ তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২)।	১। শেখ এম এ তাহের ঠাকুর, স্টেশন মাস্টার হেড-১, পিতা মৃত- শেখ বাদশা মিয়া ঠাকুর, সাং সোনা পাহাড়, পোঃ জোরারগঞ্জ, থানা- মীর সরাই (বর্তমানে জোড়ারগঞ্জ), জেলা- চট্টগ্রাম।

সামুহস্বাক্ষর

স্পেশাল জজ (সিনিয়র জেলা ও দায়রা জজ), কুমিল্লা।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

(২৪৯০১)

মূল্য : টাকা ৪.০০